উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

## জুলাই/২০২২ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ৩১ জুলাই, ২০২২ খ্রিঃ |
| সময় | : | সকাল: ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত মাননীয় সংসদ সদস্য মহোদয় এবং অন্যান্য সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে জুন/২২ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে মোট ৩,২৯,৬৬,৯৯৪ টাকা। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় এখনও **১ম** কিস্তির টাকা পাওয়া যায়নি। সঠিক সময়ে কাজ বাস্তবায়ন এবং কাজের গুণগত মান ঠিক রাখার স্বার্থে উক্ত টাকার বিপরীতে দ্রুত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সুপারিশ করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত মোট ৩,২৯,৬৬,৯৯৪ (তিন কোটি উনত্রিশ লক্ষ ছেষট্টি হাজার নয়শত চুরানব্বই) টাকার বিপরীতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| (খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, জামালপুর সদর উপজেলায় যে সকল রাস্তার আইডি পড়েনি এমন কিছু রাস্তার তালিকা তৈরি করা হয়েছে এবং সরেজমিনে পরিমাপ করা হয়েছে। উক্ত রাস্তার আইডি না থাকায় রাস্তাগুলোর উন্নয়ন কার্যক্রম ব্যাহত হচ্ছে। উক্ত রাস্তার (পরিশিষ্ট-ক) তালিকা ও উপজেলা পরিষদের রেজুলেশন সহ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী এলজিইডি বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | (খ) বিস্তারিত আলোচনান্তে জামালপুর সদর উপজেলার আইডি বিহীন রাস্তার তালিকা প্রস্তুত পূর্বক পরিষদের সভার রেজুলেশন সহ নির্বাহী প্রকৌশলী এলজিইডি, জামালপুরের মাধ্যমে জেলা সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর। |
| **২। স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ৩০ জুলাই, ২০২২ খ্রি. পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভাইরাসের মোট নমুনা সংগ্রহ করা হয়েছে মোট ২০,৮৯২ টি। তন্মোধ্যে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ৩,১৭৬ জন। ছাড় প্রাপ্ত রোগীর সংখ্যা ৩,১১৩ জন। বর্তমানে হোম আইসোলেশনে আছে ০০ জন এবং এ যাবৎ করোনা আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেছেন ৩৮ জন। গত ২৪ ঘন্টায় নতুন রোগী শনাক্ত ০০ জন। এবং গত ২৪ ঘন্টায় সুস্থ ০০ জন। এছাড়া ৩০ জুলাই, ২০২২ খ্রিঃ পর্যন্ত করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৭১.৭২%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৬৯.৯১% এবং ৩য় ডোজ (বোষ্টার) গ্রহণকারীর হার ১৬.৯৮%। | (ক) বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |

| | | |
|---|---|---|
| ৩। কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, সম্প্রতি অতিবৃষ্টি ও বন্যায় কয়েকটি ইউনিয়নে আমনের বীজতলা, পাট ও শাকসবজির আংশিক বা সম্পূন্ন নিমজ্জিত ও ক্ষতি হয়েছে। ইতিমধ্যে ক্ষয়ক্ষতি নিরুপন করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে পাঠানো হয়েছে। বর্তমানে কৃষি পূর্ণবাসন কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে আমন বীজ ও সার বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া মাঠ পর্যায়ে কর্মকর্তাসহ সকল মনিটরিং কার্যক্রম স্বাভাবিক পর্যায়ে রয়েছে। সর্বোপরি বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে সঠিক সময়ে পৌছে দেওয়া সহ কৃষকদের প্রয়োজনে সব ধরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪। মৎস্য বিভাগঃ<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, ২৩-২৯ জুলাই/২০২২ সাত দিন ব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ সমাপ্ত হয়েছে। হাট বাজার পরিদর্শণ সহ দপ্তরের যাবতীয় কাজ সরকারি নীতিমালা অনুযায়ী সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, দাপ্তরিক কার্যক্রম যেমন, চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ২২ জন সুফল ভোগীকে বকনা বাছুর প্রদান করা হয়েছে। ঈদুল আযহা উপলক্ষে কুরবানীর গরুর হাট মনিটরিং করার জন্য ০২টি টিম গঠন করা হয়েছে। তাছাড়া চলতি মাসে গবাদি পশু চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ১,৭২৩টি, হাঁস মুরগী ২৫,৫০০টি এবং গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ১৯,১০০টি এবং হাঁস মুরগী ১,২০,০০০টি। কৃত্রিম প্রজনন দেওয়া হয়েছে ২,৪৮৪টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে ১২টি। | প্রাণি সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ৩০/০৭/২০২২খ্রিঃ পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা- ১,৩৬,৫০০ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০০ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -২৫। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -১৫ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) - ১৬ জন। প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এফডব্লিউসি)- ১০ জন। প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এমসিডব্লিউসি)-৩১ জন। এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| ৭। ত্রাণ ও পুর্ণবাসনঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | (ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| ৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, অত্র বিভাগের সকল কার্যক্রম সঠিকভাবে চলছে। শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাশ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে। | সরকারি নির্দেশনা মেনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

| | | |
|---|---|---|
| ৯। শিক্ষা বিভাগঃ<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। কোকারিকুলাসের অংশ হিসাবে বিদ্যালয় ও ইউনিয়ন পর্যায়ে বঙ্গবন্ধু গোল্ডকাপ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট/২০২২ এর খেলা সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক পাঠদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| ১০। মহিলা বিষয়ক বিভাগঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |
| ১১। সমাজসেবা বিভাগঃ<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থবছরে প্রতিবন্ধি ভাতার জন্য অনলাইনে আবেদন গ্রহণ করবে সরকার। আবেদনের ভিত্তিতে পরবর্তীতে অধিদপ্তর থেকে বরাদ্দ পাওয়া যাবে। আগামী ১০ আগস্ট থেকে ১০ সেপ্টেম্বর/২২ পর্যন্ত আবেদন করা যাবে। আবেদনের জন্য অবশ্যই প্রতিবন্ধি সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে। আবেদন শেষে আবেদনের তালিকা সহ আবেদন কপি যাচাই বাছাই করে ২০ সেপ্টেম্বর/২০২২ পর সমাজসেবা অফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করেন। উল্লেখ্য প্রতিবন্ধি ভাতা মাসিক ৭৫০ থেকে ৮৫০ টাকা উন্নীত করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ব্যাপক প্রচার প্রচারণা করে আবেদন গ্রহণ শেষে যাচাই বাছাই করে আগামী ২০ সেপ্টেম্বর/২২ এর মধ্যে আবেদনকপি সহ তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) |
| ১২। যুব উন্নয়ন বিভাগঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| ১৩। সমবায় বিভাগঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২২০ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৩,৮৬,০০,০০০ (তিন কোটি ছিয়াশি লক্ষ) টাকা। ৩০/০৭/২০২২খ্রিঃ পর্যন্ত আদায় যোগ্য ঋণের পরিমাণ ১,৭৭,৯০,২০০ (এক কোটি সাতাত্তুর লক্ষ নব্বই হাজার দুইশত) টাকা। ঋণ আদায়ের হার ৪৯%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৮,১৩,০০০ (আটষট্টি লক্ষ তের হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৭৩,৫৮,০৪০ (তেহাত্তুর লক্ষ আটান্ন হাজার চল্লিশ) টাকা। ঋণ আদায়ের হার ৬৪%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| ১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় বলেন, জুলাই/২২ মাসের ঋণ বিতরণ করা হয়েছে ৫.৮৯ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে ১০৫৬.৫৮ লক্ষ টাকা। আদায় ২.৯৯ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৯২৪.৩৪। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান রয়েছে। | বিআরডিবি বিভাগের আওতায় বিভিন্ন ঋণ বিতরণ ও প্রশিক্ষণ ও কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |

| | | |
|---|---|---|
| **১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ**<br>উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় তিন অর্থ বছরের বরাদ্দ ১১৭০টি সাবমার্সিজিবল পাম্পযুক্ত গভীর নলকুপের বরাদ্দ পাওয়া গেছে। এরমধ্যে ৭৫০টি গভীর নলকুপের বোরিং এর কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৪২০ টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকুপের কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০টি ওয়াশব্লকের মধ্যে ১৬ টি বিদ্যালয়ের কাজ সমাপ্ত হয়েছে বাকী ০৪টি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৫টি বরাদ্দ পাওয়া গেছে এর মধ্যে ৫টি কাজ সমাপ্ত হয়েছে বাকী ১০টির কাজ চলমান রয়েছে এবং চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় (১ম পর্যায়) এর আওতায় ১১টি বরাদ্দ পাওয়া গেছে যার মধ্যে ৩টির কাজ সমাপ্ত হয়েছে এবং ০৮টির কাজ চলমান রয়েছে। এছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে ১ম পর্যায়ে ৪৩টি সাবমার্সিজিবল অগভীর নলকূপ ও ২য় পর্যায়ে ২৩টি ৬নং অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। যার মধ্যে ১ম পর্যায়ে ৪৩টি বোরিং এর কাজ সম্পন্ন হয়েছে এবং ৪৩টি প্লাটফরমের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া ২য় পর্যায়ে ২৭টি ৬নং অগভীর নলকূপ এর মধ্যে ২২টির বোরিং কাজ সম্পন্ন হয়েছে এবং বাকী কাজ চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |
| **১৬। বন বিভাগঃ**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| **১৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেরট (ইউডিএফ) সভায় জানান যে, ইউজিডিপির আওতায় (৫ম পর্যায়ে) ১০ (দশ) লক্ষ টাকার সক্ষমতা উন্নয়নের ০৭টি প্রকল্পের বাস্তবায়নের কাজ সফলভাবে শেষ হয়েছে এবং বিল ভাউচার যাচাই বাছাইয়ের কাজ চলমান আছে। অন্যধিকে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার ০৩টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় সক্ষমতা উন্নয়ন প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগকে প্রয়োজনীয় সহযোগীতা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |
| **১৮। বিএডিসি (সেচ)**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |
| **১৯। পাট উন্নয়ন কর্মকর্তা:**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর। |

| | | |
|---|---|---|
| ২০। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, সদর, জামালপুর। |
| ২১। পল্লী সঞ্চয় ব্যাংকঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ব্যাঞ্চ ম্যানেজার<br>পল্লী সঞ্চয় ব্যাংক, সদর<br>জামালপুর। |
| ২১। বিবিধঃ<br>(ক) <u>উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদনঃ</u><br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৫) বিদ্যুৎ বিল পরিশোধ | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত, অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত, বিদ্যুৎ বিল পরিশোধ করার সিদ্ধান্ত অনুমোদন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর। |
| (খ) <u>হাটবাজার সম্পর্কিতঃ</u><br>সভায় ১৪২৭-২৮ বাংলা সনের হাট বাজার ইজারা লব্দ আয়ের ১৫% অর্থ দ্বারা নিম্নে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য আলোচনা করা হয়। (১) মেষ্টা ইউনিয়নের হাজিপুর বাজারের কার্তিক সাহার দোকান হতে হাতেমের দোকান (বটতলা) পর্যন্ত রাস্তা সংস্কার- ১,১১,৭৫০ টাকা (২) তিতপল্লা কামালখান বাজারের পানি নিষ্কাশনের জন্য বক্স কালভার্ট ও ড্রেন নির্মাণ-২,০০,০০০ টাকা। (৩) নরুন্দি মাছ বাজারের পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ-২,০০,০০০ টাকা। | (খ) বিস্তারিত আলোচনান্তে (১) মেষ্টা ইউনিয়নের হাজিপুর বাজারের কার্তিক সাহার দোকান হতে হাতেমের দোকান (বটতলা) পর্যন্ত রাস্তা সংস্কার- ১,১১,৭৫০ টাকা (২) তিতপল্লা কামালখান বাজারের পানি নিষ্কাশনের জন্য বক্স কালভার্ট ও ড্রেন নির্মাণ বাবদ-২,০০,০০০ টাকা (৩) নরুন্দি মাছ বাজারের পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ বাবদ-২,০০,০০০ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি। |
| <u>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত ঃ</u><br>রাজস্ব তহবিলের ২৯ জুন/২০২২ থেকে ৩০ জুলাই/২২ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। (ব্যয়ের খাতের তালিকা নিচে) | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ২৯ জুন/২০২২ থেকে ৩০ জুলাই/২২ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ২১,৮২,০৯৩ (একুশ লক্ষ বিরাশি হাজার তিরানব্বই) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা। |

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা | ৯৯,০০০ |
| মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান | ২৪,২০০ |
| আনসারের বেতন | ৮,৩৩৩ |
| উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমণ ব্যয় | ১,৫৭,২৫০ |
| আপ্যায়ন | ৩৭,৯৪০ |
| বাসাবাড়ী ও অফিস মেরামত | ১,৯১,১৫১ |
| জ্বালানী তেলের বিল | ৭৩,৪১২ |
| অফিস স্টেশনারী | ৪,৯৮০ |
| টেলিফোন বিল | ২,১২৬ |
| ভূমি উন্নয়ন কর | ১৬,৪৪০ |
| ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত | ৬৪,২৮৭ |
| অফিসার্স ক্লাবের সামনে রাস্তা নির্মাণ ও ফার্ণিসারস ক্রয় | ৩,০০,০০০ |

| | | | |
|---|---|---|---|
| অফিসারর্স ক্লাবের জামানত ফেরত | ১,৯৪,৭৫০ | | |
| পরিষদের অভ্যন্তরে সিসি ক্যামেরা স্থাপণ | ২,০০,০০০ | | |
| সোলার স্টিট লাইট স্থাপন | ৪,০০,০০০ | | |
| পরিষদের হোল্ডিং ট্যাক্স পরিশোধ | ৪,০৮,২২৪ | | |
| সর্বমোট | ২১,৮২,০৯৩ | | |

এ পর্যায়ে মাননীয় সংসদ সদস্য (১৪২, জামালপুর-৫) জনাব আলহাজ্ব ইঞ্জিনিয়ার মো: মোজাফ্‌ফর হোসেন বলেন, জামালপুর সদর উপজেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষে সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। এছাড়া, উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের বিষয়ে অগ্রাধিকার প্রদান করে শুরুর ধিকেই প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন দ্রুত নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন।এছাড়া পানির সমস্যা নিরসনে জনস্বাস্থ্য দপ্তরের আওতায় বরাদ্দপ্রাপ্ত টিউবয়েলগুলো দ্রুত বরিং কার্যক্রম শেষ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি যেন স্বাভাবিক থাকে সে বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থাকে সতর্ক থাকার পরামর্শ দেন। তিনি সরকারি বরাদ্দের সর্বোচ্চ ব্যবহার করে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন।

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, জামালপুর সদরের উন্নয়নের স্বার্থে সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার সহিত কাজ করতে হবে। সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া বর্ষা মৌসুম শুরু হওয়ার আগেই টি.আর, কাবিখা সহ যাবতীয় উন্নয়নমূলক প্রকল্প দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। স্বল্প সময়ে মানুষের মাঝে যাবতীয় সরকারি সেবা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যান সহ সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারিদের সময়মত অফিসে আসা নিশ্চিত করতে হবে। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন এবং জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

A. Hossain

(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
পজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২২-৭০৮

তারিখ: ৩১ জুলাই, ২০২২ খ্রি.

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৫। জেলা প্রশাসক, জামালপুর।

৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।

৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

৮। উপজেলা....................................................................................অফিসার, জামালপুর সদর।

৯। চেয়ারম্যান ....................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।

১০। ....................................................................................জামালপুর সদর, জামালপুর।

১১। অফিস কপি।

৩১/০৭/২২

(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd